

স্মারক নং- ২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.২১.১০৫৭

তারিখঃ ১২ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ
২৭ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

ব্যবস্থাপনা পরিচালক
ইউনাইটেড সিটি টুইন টাওয়ার ডেভেলপারস লিঃ
গুলশান সেন্টার পয়েন্ট, প্লট-৪১ (পুরাতন), ২৩-২৬ (নতুন)
রোড-৯০-৯১, গুলশান-২, ঢাকা-১২১২।
ফোন-০১৩১৭-৮০৬৩৪২।

QF-PRJ-06

বিষয়ঃ লোড ছাড়পত্রের মেয়াদ বৃদ্ধি।

- সূত্রঃ (১) আবেদন নং-২৫৫৩ (গুলশান), এসই(পিএন্ডডি)-১৭২৩, তাং-২৭-১১-২০১৬।
(২) স্মারক নং-ডেসকো/পিএন্ডডি/২০১৭/২৪২, তারিখঃ-০৬-০২-২০১৭ইং।
(৩) ০৪/০৩/২০১৭ তারিখের পে-অর্ডার নং-১৮৫২১২২ (ডিবিবিএল), টাকা = ১,৬৪,৩৪০/-
(৪) স্মারক নং-ডেসকো/পিএন্ডডি/২০১৭/৩৮৪, তারিখঃ-০৫/০৩/২০১৭।
(৫) স্মারক নং-২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.১৯.১৫৬৬, তাং-১৯/১১/২০১৯ খ্রিঃ।
(৬) ১১/১২/২০১৯ তারিখের পে-অর্ডার নং-২৪২৪৯৪০ (ডিবিবিএল), টাকা = ৬,০২,৫৮০/-
(৭) স্মারক নং-২৭.২৪.০০০০.০১৮.৩১.০০১.১৯.১৭২০, তাং-১৫/১২/২০১৯ খ্রিঃ।
(৮) স্মারক নং-২৭.২৪.০০০০.০৩৩.৩১.০০১.২১.৯৬৭, তাং-২৫/১১/২০২১ খ্রিঃ।
(৯) ১৪/১২/২০২১ তারিখের পে-অর্ডার নং-২৮৭৫১৭৮ (ডিবিবিএল), টাকা = ৬,০০,০০০/-


বর্ণিত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, 'গুলশান সেন্টার পয়েন্ট', প্লট- ৪১ (পুরাতন), ২৩-২৬ (নতুন), রোড-৯০-৯১, গুলশান-২, ঢাকা-১২১২ স্থাপনার জন্য বিদ্যমান ১৩৪৮ কিঃওঃ লোডের অতিরিক্ত ৩৬৫২ কিঃওঃ বৃদ্ধি করে সর্বমোট (১৩৪৮+৩৬৫২) = ৫০০০ (পাঁচ হাজার) কিঃওঃ লোড ছাড়পত্রের মেয়াদ বৃদ্ধির আবেদনের প্রেক্ষিতে মার্চ-২০২২ খ্রিঃ পর্যন্ত নিম্নবর্ণিত শর্ত অনুযায়ী ছাড়পত্রের মেয়াদ বর্ধিত করা হলোঃ-

শর্তসমূহঃ

- ১। ভবিষ্যতে বিদ্যুৎ সংযোগের জন্য আবেদন করা হলে সংশ্লিষ্ট বিদ্যুৎ বিতরণ নেটওয়ার্কে আবেদিত লোড সংকুলান হলে সরকারী নির্দেশনা প্রতিপালন সাপেক্ষে আবেদনের ক্রমঅনুসারে নিয়ম মোতাবেক সংযোগের ব্যবস্থা গ্রহণ করা হবে এবং কোন নতুন অবকাঠামো নির্মাণের প্রয়োজন হলে তা ডিপোজিট স্কীমের আওতায় বাস্তবায়ন প্রযোজ্য হবে।
- ২। বিদ্যুৎ চাহিদা ৮০ কিঃওঃ এর অধিক হওয়ায় নিয়মানুযায়ী ১১/০.৪ কেডি উপকেন্দ্র স্থাপন করতে হবে। উহার জন্য ট্রান্সফরমার, সুইচগিয়ার, পিএফআই প্লান্ট, নিজস্ব মিটারিং ইউনিট ইত্যাদি নিজ খরচে স্থাপন করতে হবে।
- ৩। সংযোগ গ্রহণের পূর্বেই সংশ্লিষ্ট বিক্রয় ও বিতরণ বিভাগ (গুলশান) বরাবর আবেদন করতে হবে।
- ৪। বিদ্যুৎ সংযোগ এর ক্ষেত্রে আন্ডার গ্রাউন্ড ক্যাবল, সুইচ গিয়ার স্থাপন, ওভার হেড লাইন নির্মাণ অথবা কোন রকম পরিবর্তনের প্রয়োজন হলে উহা ডেসকো'র 'পলিসি গাইড লাইন' অনুযায়ী ডিপোজিট স্কীমের আওতায় বাস্তবায়ন করতে হবে।
- ৫। সংযোগ গ্রহণের পর ডেসকো নির্ধারিত মিটারিং এর ব্যবস্থায় বিল প্রণয়ন এবং সরবরাহ করা হবে।
- ৬। সংযোগ প্রদানের ক্ষেত্রে বিদ্যুৎ এর 'মূল্য হার ও নিয়মাবলী-৮৯ ও ইহার পরবর্তী সংশোধনী' এবং অন্যান্য অনুমোদিত নীতিমালা প্রযোজ্য হবে।
- ৭। উপকেন্দ্র চালু করার ক্ষেত্রে গণ-প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীন বিভাগের বৈদ্যুতিক ও প্রধান বিদ্যুৎ পরিদর্শকের দপ্তর হতে প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে। ইহা ছাড়াও সময়ে সময়ে জারীকৃত অন্যান্য বিধিমালা প্রযোজ্য ক্ষেত্রে অনুসরণ করতে হবে।
- ৮। ডিপোজিট স্কীমের আওতায় কাজ সম্পাদন করা হলে, কাজ সম্পাদনের পর নির্মিত Distribution Facility ডেসকো'র সম্পদ বলে গন্য হবে এবং উক্ত Facility হতে ভবিষ্যতে অন্য গ্রাহককে সংযোগ প্রদানে প্রয়োজনীয় পরিবর্তনের অধিকার ডেসকো সংরক্ষণ করে।
- ৯। উক্ত ছাড়পত্র মার্চ-২০২২ খ্রিঃ পর্যন্ত কার্যকর থাকবে।

ডেসকো'র সার্বিক কার্যক্রমে আপনার সহযোগিতা একান্ত কাম্য।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,


২৭.১২.২০২১

তত্ত্বাবধায়ক প্রকৌশলী
প্ল্যানিং এন্ড ডিজাইন (পিএন্ডডি), ডেসকো।

অনুলিপি (সদয় অবগতির জন্য) :

- ১। প্রধান প্রকৌশলী (পিএন্ডডি), ডেসকো।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এসএন্ডডি অপারেশন, ইস্ট জোন-১।
- ৩। নির্বাহী প্রকৌশলী, বিওবি বিভাগ (গুলশান)।
- ৪। অফিস কপি।